গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.১৯-২০৮০

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)-এর ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : **ডা. আশরাফী আহমদ এনডিসি, মহাপরিচালক ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।**
সভার তারিখ ও সময় : ২৫/১১/২০২৪ খ্রি.
সভার স্থান : নতুন ভবন, কক্ষ নং-৪০১;

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট ক দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে ত্রৈমাসিক সমন্বয় সভার কাজ শুরু করেন। উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব জনাব লুৎফুন্নেসা খানম ত্রৈমাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই এবং আরটিসি'র কর্মকর্তাবৃন্দ তাদের সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনবল | সাম্প্রতিক সময়ে বেশ কয়েক দফায় নিপোর্টে জনবল নিয়োগ হওয়ায় বিভিন্ন প্রতিষ্ঠানে তীব্র জনবল সংকট কিছুটা কমলেও এখনও কোন কোন প্রতিষ্ঠানে বাবুর্চী এবং নিরাপত্তা প্রহরী পদ শুন্য হওয়ায় এ পদ ২টি দ্রুত পূরণ করা প্রয়োজন। | জনবল নিয়োগের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন) |
| ২ | হাজিরা | অফিস নিয়মিত উপস্থিতি/হাজিরা এবং ছুটির বিষয়ে বিশদ আলোচনা হয়। | অফিসে উপস্থিতি/হাজিরা বিধি অনুযায়ী পালনীয় হবে এবং কর্মস্থল ত্যাগ করতে হলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন), অধ্যক্ষ (আরপিটিআই-সকল), প্রশিক্ষণ কর্মকর্তা (আরটিসি-সকল) |
| ৩ | Central Register ও Master File সংক্রান্ত | বর্তমানে নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কোনো সেন্ট্রাল রেজিষ্টার না থাকায় পরিচালক (প্রশাসন) বিষয়টির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন মাস্টার/গার্ড ফাইল যথাযথ ভাবে মেইনটেইন করা একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও জবাবদিহিতার সাথে সম্পর্কিত। Central Register এবং Master/Guard File মেইনটেইন/চালু করার বিষয়ে আলোচনা হয়। | নিপোর্ট ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে Central Register এবং Master/Guard File মেইনটেইন করার বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করে দেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। | অধ্যক্ষ (আরপিটিআই) ও প্রশিক্ষণ কর্মকর্তা (সকল); জনাব মোহাম্মদ সাফাত মোস্তফা, তত্ত্বাবধায়ক (প্রশাসন), জনাব সায়মা হোসেন প্রশিক্ষক ও জনাব শাহরিয়ার জাহান সাকিব, গবেষণা সহযোগী |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪ | গাড়ী মেরামত | গাড়ী মেরামতের বিষয়ে পরিচালক (প্রশাসন) মহাপরিচালক মহোদয়ের অনুমতি ক্রমে আলোচনা করেন। | পরিচালক (প্রশাসন) মহাপরিচালক মহোদয়ের অনুমতি ক্রমে গাড়ী মেরামতের বিষয়ে বিশদ আলোচনা শেষে বলেন, পূর্ববর্তী বছর গাড়ীর যে অংশগুলো মেরামত করা হয় পরবর্তী বছরে গাড়ীর একই অংশ মেরামত না করার নির্দেশনা দেন। একইসাথে গাড়ীর পরিবর্তনকৃত অংশগুলো সংরক্ষণ করার নির্দেশনা দেন। | অধ্যক্ষ (আরপিটিআই) ও প্রশিক্ষণ কর্মকর্তা(আরটিসি) (সকল); |
| ৫ | নিরাপত্তা | নিরাপত্তা প্রহরী দায়িত্ব পালন না করে ক্যাশিয়ার দিয়ে কাজ করা হচ্ছে। এই বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে। | আরপিটিআই ও আরটিসিতে নিয়োজিত রাজস্বখাত ভূক্ত পদে নিয়োজিত কর্মচারীকে নিয়ম মেনে দায়িত্ব দায়িত্ব দিতে হবে। | অধ্যক্ষ (আরপিটিআই- সকল), প্রশিক্ষণ কর্মকর্তা (আরটিসি-সকল) |
| ৬ | অডিট সংক্রান্ত | নিপোর্ট ও এর আওতাধীন অফিস সমূহের প্রাতিষ্ঠানিক সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রতিটি অফিসে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে আর্থিক বিধি-বিধান ও নিয়ম-নীতি অনুসরণ করার বিষয়ে বিশদ আলোচনা হয়। | মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক(প্রশাসন) নিপোর্ট ও এর আওতাধীন অফিস সমূহের প্রাতিষ্ঠানিক সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রতিটি অফিসে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে আর্থিক বিধি-বিধান ও নিয়ম-নীতির বিষয়ে আলোচনা শেষে ইতোপূর্বে গঠিত 'অভ্যন্তরীণ নিরীক্ষা ও হিসাব পরিদর্শন' কমিটির পরিদর্শন শেষে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনাব এমদাদুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ (সকল) |
| ৭ | প্রশিক্ষণ মূল্যায়ন | রিসোর্স পার্সনদের জন্য একটি প্রশিক্ষণ মূল্যায়ন ফরম প্রস্তুত এবং ব্যবহারের বিষয়ে বিশদ আলোচনা হয়। | এ বিষয়ে একটি প্রস্তাব এটুআই (a2i)-এ প্রেরণ করা হয়েছে। বিস্তারিত কার্যক্রম ও পরবর্তী পদক্ষেপের জন্য একটি আলাদা সভা/কর্মশালা আয়োজন করে অনলাইনে প্রশিক্ষণ মূল্যায়ন সংক্রান্ত বিষয়টি Test run করতে হবে। | জনাব মো: হাসিব মামুন, পরিসংখ্যানবিদ এবং জনাব আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি) |
| ৮ | আরটিসি, মিঠাপুকুর | মিঠাপুকুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ হাসপাতাল সম্প্রসারণের পরিকল্পনা নেয়ার ফলে আরটিসির অবস্থান সংক্রান্ত যে জটিলতা সৃষ্টি/আপত্তি উত্থাপন হয়েছে সে ব্যাপারে বিশদ আলোচনা হয়। | প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, মিঠাপুকুর এই মর্মে অবহিত করেছেন যে, মিঠাপুকুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর হাসপাতাল সম্প্রসারণের পরিকল্পনা নেয়ার ফলে আরটিসির অবস্থান সংক্রান্ত জটিলতা সৃষ্টি/আপত্তি উত্থাপন হয়েছিল সেটি সমাধান হয়েছে। পরবর্তীতে পরিচালক (প্রশাসন) প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, মিঠাপুকুর কে মাস্টারপ্ল্যান প্রণয়নের বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি) এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, মিঠাপুকুর |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৯ | আরটিসি, ধামরাই | আরটিসি, ধামরাই এর প্রশিক্ষণ কর্মকর্তা অত্র প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন এর ভোল্টেজের হ্রাস-বৃদ্ধির ফলে উক্ত প্রতিষ্ঠানে যে সমস্যার সৃষ্টি হয় সে সংক্রান্ত বিষয়ে বিশদ আলোচনা হয়। | আরটিসি, ধামরাই এর বৈদ্যুতিক লাইন এর ভোল্টেজের হ্রাস-বৃদ্ধির ফলে উক্ত প্রতিষ্ঠানে যে সমস্যার সৃষ্টি হয়েছে সে বিষয়ে মহাপরিচালক মহোদয় পরিচালক (প্রশাসন), নিপোর্ট কে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)-এ যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন) |
| ১০ | বিদ্যুৎবিল | আরপিটিআই ও আরটিসি সমূহের ২০২৩-২৪ অর্থ বছরের পরিচালন বাজেটের বিদ্যুৎ খাতে স্থগিত বরাদ্দ ছাড়পত্রের বিষয়ে আলোচনা হয়। | বিগত ২০২৩-২৪ অর্থবছরের মত বর্তমান ২০২৪-২৫ অর্থবছরেও বিদ্যুৎখাতে স্থগিত অর্থ ছাড়ের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক (প্রশাসন) |

সভার আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২৪

ডা. আশরাফী আহমদ এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২২২৬৬৮৩৬৩৮
ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.০৬.০৪১.১৯-১০৬০/১(৬০)

তারিখ: অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কলাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক (প্রশাসন,প্রশিক্ষণ,গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)------------------------------------------------।
৫। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)------------------------------------------------------।
৬। সকল কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৭। জনাব---------------------------------------------------------------------------, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৮। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী(ভারপ্রাপ্ত), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

২৫/১১/২৪

(লুৎফুন্নেসা খানম)
উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৬৬৮৩৬১৪
ই-মেইল: ddadmin@niport.gov.bd